অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/2/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লং আইল্যান্ডের অ্যাকোয়াকালচার ইন্ডাস্ট্রির সমর্থনে 4.2 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়ার ঘোষণা করলেন

Long Island Aquaculture Infrastructure Grant প্রোগ্রামের রাউন্ড 2-এর মাধ্যমে 14টি প্রজেক্টকে 3 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়েছে

গভর্নর Hochul (হোকল) আজকে ঘোষণা করেছেন যে Long Island Aquaculture Infrastructure Grant প্রোগ্রামের 2-এর মাধ্যমে লং আইল্যান্ডের (Long Island) অ্যাকোয়াকালচার ইন্ডাস্ট্রিকে সমর্থন করতে 14টি ছোট ব্যবসাকে 3 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়েছে। এই তহবিল এই উৎপাদনকারীদের ইনফ্রাস্ট্রাকচারের উন্নয়ন করতে, কার্যক্রম সহজ করতে এবং উৎপাদন বাড়াতে সাহায্য করবে। দুইটি রাউন্ডের মাধ্যমে নিউ ইয়র্কের (New York) অ্যাকোয়াকালচার ইন্ডাস্ট্রিতে মোট 4.2 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া এই প্রোগ্রামটি স্টেটের Blue Food Transformation উদ্যোগের অংশ, যা প্রথম গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) 2024 স্টেট অফ দ্য স্টেটে (State of the State) ঘোষণা করা হয়। গত শীতকালে মারাত্মক বরফের কারণে চাষীদের অনেক অর্থনৈতিক ক্ষতি হওয়ার পর সাফোক (Suffolk) কাউন্টির জন্য একটি ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচারের (United States Department of Agriculture, USDA) সেক্রেটারিয়াল ডেজিগনেশন পেতে গভর্নর Hochul-এর (হোকল) অনুরোধের পর আজকের এই ঘোষণা এসেছে।

"নিউ ইয়র্ক স্টেটে একটি সমৃদ্ধ ও অনন্য কৃষি ইন্ডাস্ট্রি আছে যা উপকূল পর্যন্ত এসে থেমে যায় না। লং আইল্যান্ডের ঐতিহাসিক সীফুড ইন্ডাস্ট্রির মতো আরেকটি নেই, এটি স্থানীয় খাবারের সাপ্লাই চেইনকে জোরদার করতে সাহায্য করে, আমাদের স্টেটের অর্থনীতিকে জোরদার করে, এবং ইন্ডাস্ট্রিতে অসাধারণত্ব ও নিবেদনের লিগেসিকে ধরে রাখে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমি আমাদের অ্যাকোয়াকালচার চাষীদের জন্য গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচার সমর্থন দেওয়া এই প্রোগ্রামকে সমর্থন করতে পেরে গর্বিত যা নিশ্চিত করবে যাতে তারা আগামী অনেক দিন সমৃদ্ধ থাকতে পারেন।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "Long Island-এর সমৃদ্ধ ও ঐতিহাসিক অ্যাকোয়াকালচার ইন্ডাস্ট্রি আমাদের কৃষি ক্ষেত্রকে আরও সমৃদ্ধ, বৈচিত্র্যময় এবং অনন্য করে তুলেছে। আমরা এই অঞ্চলের working waterfronts সংরক্ষণে যা কিছু করা সম্ভব তা করতে গর্বিত, এবং তার শুরু হয় সেই উৎপাদকদের সহায়তা দিয়ে যারা অক্লান্ত পরিশ্রম করে এই অঞ্চলের বিখ্যাত সুস্বাদু seafood উৎপাদন করেন। আজ যে তহবিল প্রদান করা হয়েছে তা এই ব্যবসাগুলিকে তাদের কার্যক্রমে বড় ধরনের বিনিয়োগ করতে সাহায্য

করবে, যাতে তারা New York State-এর সর্বোৎকৃষ্ট seafood স্টেটজুড়ে মানুষের টেবিলে পৌঁছে দিতে পারে। আমি গভর্নর Kathy Hochul এবং Farm and Food Growth Fund-এ আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাই তাদের সহায়তার জন্য।"

ফার্ম অ্যান্ড ফুড গ্রোথ ফান্ডের (Farm & Food Growth Fund, FFGF) প্রেসিডেন্ট এবং CEO Todd M. Erling (টড এম আর্লিং) বলেন, "ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্টের মাধ্যমে লং আইল্যান্ডের অ্যাকোয়াকালচার ইন্ডাস্ট্রির প্রক্রিয়াজাতকরণ এবং বিতরণের দিককে জোরদার করা হলে তা নিউ ইয়র্কের অসাধারণ সীফুডের ব্যাপারে সচেতনতা এবং এর মার্কেট অ্যাক্সেস আরো বাড়াবে। আগের রাউন্ডের সরঞ্জামের তহবিল, বহুমুখী Blue Food Transformation উদ্যোগ এবং গভর্নরের করা সাম্প্রতিক ডিজেস্টার রিলিফের অনুরোধের সাথে মিলিয়ে, স্টেটের কৃষি ব্যবসা খাতের এই ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ অংশটি তার ভঙ্গুর কিন্তু অনমনীয় অর্থনীতির সুরক্ষা ও বিকাশের জন্য প্রয়োজনীয় সমর্থন পাবে যা তাদের প্রাপ্য।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটসের (Department of Agriculture and Markets) জন্য ফার্ম অ্যান্ড ফুড গ্রোথ ফান্ডের মাধ্যমে Long Island Aquaculture Infrastructure Grant প্রোগ্রামটি পরিচালিত হচ্ছে। আজ ঘোষিত ইনফ্রাস্ট্রাকচারের অনুদান ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্টকে তহবিল দিবে, যার মধ্যে লং আইল্যান্ডে পরিচালিত অ্যাকোয়াকালচার ব্যবসাকে সমর্থন করার জন্য নির্মাণ, সংস্কার, বা বিল্ডিং, ডঃ, সরঞ্জাম, বা স্থায়ী বা অস্থায়ী ফ্যাসিলিটি স্থাপন থাকবে।

অর্থপ্রাপ্তদের তালিকা নিচে দেওয়া হলো:

- WROC, LLC
- Hampton Oyster Company
- Davy Jones Landing
- Oysterponds Shellfish LLC
- Lucky 13 Oysters
- East Hampton Oyster Company
- Scrimshaw Enterprises LLC
- Hart Lobster, Co.
- Thatch Island
- Peconic Gold Oysters Inc.
- North Fork Big Oyster Corp
- Jeffrey M. Kraus
- Dune Fishery LLC
- Cornelius & Little Ram Oyster Company LLC।

সরঞ্জাম কেনা বা হালনাগাদ করার জন্য দেওয়া প্রোগ্রামের প্রথম রাউন্ডে বরাদ্দকৃত তহবিল নিউ সাফোকে (New Suffolk) Hampton Oyster Company-তে কমিশনার Ball (বল) এবং ফার্ম অ্যান্ড ফুড গ্রোথের আয়োজন করা একটি বিশেষ ইভেন্টে অক্টোবর মাসে ঘোষণা করা হয়। প্রথম রাউন্ডে লং আইল্যান্ডের 17টি ব্যবসাকে 1.2 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়।

এপ্রিলের শুরুতে, গভর্নর Hochul (হোকল) সাফোক কাউন্টির জন্য একটি ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচারের সেক্রেটারিয়াল ডেজিগনেশন পেতে অনুরোধ করেন। 2026 সালের ফেব্রুয়ারির ভারী তুষারপাত এবং বহু সপ্তাহ ধরে চলা জমে যাওয়ার মতো প্রচণ্ড ঠাণ্ডার কারণে কাউন্টির অ্যাকোয়াকালচার চাষের অপারেশন আনুমানিক মোট 2.4 মিলিয়ন মার্কিন ডলার উৎপাদন ক্ষতির মুখোমুখি হয়। এছাড়াও, নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটসের কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) এবং ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) খারাপ আবহাওয়ার কারণে হওয়া ক্ষতির জরিপ করতে একাধিক শেলফিশ উৎপাদনের স্থান পরিদর্শন করেন। একটি ডিজেস্টার ঘোষণা (Disaster Designation) ক্ষতিগ্রস্ত চাষীদের USDA-এর কম সুদের জরুরি ঋণের জন্য আবেদন করতে দিবে।

Long Island Farm Bureau-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Bill Zalakar (বিল জালাকার) বলেন, "লং আইল্যান্ডের অ্যাকোয়াকালচার ইন্ডাস্ট্রি এই অঞ্চলের কৃষি খাতের সব থেকে দ্রুত বড় হতে থাকা খাতগুলির একটি। তবে আমাদের চাষীদের জন্য চলমান অনেক চ্যালেঞ্জের পাশাপাশি, এই শীতের প্রচণ্ড খারাপ আবহাওয়া আমাদের অ্যাকোয়াকালচার চাষীদের বড় ধরনের ক্ষতি করেছে। কমিশনার Ball (বল) এবং Lefton (লেফটন) আমাদের অ্যাকোয়াকালচার খামার পরিদর্শন করে চাষীদের ব্যাপক ক্ষতি সরাসরি দেখেছেন, যার জন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞ। Long Island Aquaculture Infrastructure Grant প্রোগ্রামের মাধ্যমে পাওয়া রিসোর্স এবং গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকলের) জরুরি ডিজেস্টার ডেজিগনেশন একসাথে আমাদের চাষীদেরকে তাদের কার্যক্রম আবার শুরু করতে এবং লম্বা সময়ের জন্য আরো টেকসই করে গড়ে তুলতে গুরুত্বপূর্ণ সহায়তা দেবে। এই উদ্যোগগুলি আমাদের চাষীদের আবার নিজের পায়ে দাঁড়াতে এবং লং আইল্যান্ডে আরো শক্তিশালী ও টেকসই একটি অ্যাকোয়াকালচার ইন্ডাস্ট্রি গড়ে তুলতে সাহায্য করবে।"

নিউ ইয়র্কের সীফুড ইন্ডাস্ট্রি

লং আইল্যান্ডের শেলফিশ অ্যাকোয়াকালচার ইন্ডাস্ট্রি হলো নিউ ইয়র্কের কৃষি খাত এবং উপকূলীয় অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ অংশ, এই ইন্ডাস্ট্রিটি মূলত ছোট এবং পরিবারের মালিকানার অপারেশন দিয়ে গঠিত যারা আঞ্চলিক সীফুড উৎপাদন ও চাকরির ক্ষেত্রে অবদান রাখেন । সবথেকে সাম্প্রতিক USDA সেন্সাস অফ এগ্রিকালচার (USDA Census of Agriculture) অনুযায়ী, লং আইল্যান্ডের 25 শতাংশের বেশি খামার অ্যাকোয়াকালচার ইন্ডাস্ট্রির, যার মধ্যে 155টি সাফোক কাউন্টিতে এবং 15টি নাসাউ (Nassau) কাউন্টিতে অবস্থিত। একসাথে এই দুইটি কাউন্টি 2022 সালে 14.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মূল্যের বিক্রি সম্ভব করেছে।

Blue Food Transformation

স্থানীয় খাবারের জন্য ভোক্তাদের চাহিদা বাড়াতে এবং স্থানীয় খাদ্য ব্যবস্থাকে শক্তিশালী করতে গভর্নরের 2024 সালের স্টেট অফ দ্য স্টেটে Blue Food Transformation উদ্যোগটি ঘোষণা করা হয়। এই বিনিয়োগগুলি নিউ ইয়র্কের কৃষি পণ্যের চাহিদা বাড়াতে, নিউ ইয়র্কের খাবারের সাপ্লাই চেইনকে জোরদার করতে, এবং সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে তাজা, স্থানীয় খাবারের অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করতে গভর্নরের প্রতিশ্রুতিকে অগ্রসর করে।

2025 সালের মার্চে শুরু হওয়া লং আইল্যান্ড সীফুড ক্যুইজিন ট্রেইলও (Long Island Seafood Cuisine trail) গভর্নরের Blue Food Transformation উদ্যোগের মাধ্যমে তহবিল পেয়েছে। সাউথ শোর ট্রেইলটি (South Shore Trail) বে শোর (Bay Shore) থেকে মনটাক (Montauk) পর্যন্ত, এবং সম্প্রতি খুলে দেওয়া নর্থ শোর ট্রেইল (North Shore Trail) ওয়েস্টের বে (Oyster Bay) থেকে গ্রিনপোর্ট (Greenport) পর্যন্ত। ট্রেইলের উদ্দেশ্য হলো এমন অবস্থানে ব্যবসা ও পর্যটন নিয়ে আসা যেখানে গর্বের সাথে স্থানীয়ভাবে বড় করা এবং বুনো পানিতে ধরা, টেকসইভাবে চাষ করা মাছ ও শেলফিশ পরিবেশন ও বিক্রি করা হয়, এবং একইসাথে লং আইল্যান্ডের সীফুড ইন্ডাস্ট্রির প্রচার করা যায়। পর্যটকদের ট্রেইল অ্যাপ ডাউনলোড করতে এবং লং আইল্যান্ডের পানির প্রচুর সম্পদের প্রশংসা এবং উদযাপন করা এবং একই সাথে ব্যবসা উন্নত করা ও স্থানীয় মাছ ধরা কমিউনিটিগুলিকে সমর্থনের জন্য পরিচিত স্থানগুলির ট্রেইল অনুসরণ করতে উৎসাহিত করা হচ্ছে। আরো তথ্যের জন্য লোক্যাল ফিশ ওয়েবসাইটের সীফুড ট্রেইল পেজ দেখুন।

ফার্ম অ্যান্ড ফুড গ্রোথ ফান্ড

ফার্ম অ্যান্ড ফুড গ্রোথ ফান্ডের লক্ষ্য হলো চাকরি এবং নিরাপদ সাশ্রয়ী হাউজিং তৈরি করা, কম এবং মাঝারি আয়ের ব্যক্তি, পরিবার এবং কমিউনিটির জন্য পুঁজি পাওয়ার সুযোগ তৈরি করা, এবং টেকনিক্যাল সহায়তার সেবা, কমিউনিটির বিকাশ এবং পুঁজির প্রবাহ বাড়ানোর মাধ্যমে অর্থনৈতিক প্রাণশক্তিকে জোরদার করে গ্রেটার হাডসন ভ্যালি (Hudson Valley), ওয়েস্টার্ন কাইনেটিকাট (Connecticut), ওয়েস্টার্ন ম্যাসাচুসেটস (Massachusetts), সাউদার্ন ভার্মন্ট (Vermont) এবং ইস্টার্ন পেনসিলভানিয়ার (Pennsylvania) অংশবিশেষ নিয়ে গঠিত নর্থইস্ট ফুডশেডে (Northeast Foodshed) অবস্থিত খামার ও খাদ্য সম্পর্কিত ইন্ডাস্ট্রিগুলির উপর বিশেষ মনোযোগ দেওয়া হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন